

উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্পের সারসংক্ষেপঃ

২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার জন্য বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে উদ্ভাবন-কেন্দ্রিক অর্থনীতির উন্নয়ন ও উল্লেখযোগ্য প্রবৃদ্ধি বজায় রাখার জন্য দেশে উদ্যোক্তা সংস্কৃতি ও উদ্ভাবন ইকোসিস্টেম তৈরি করা জরুরী। বাংলাদেশ সরকার একটি জাতীয় উদ্যোক্তা প্ল্যাটফর্ম তৈরি এবং এর সহায়ক ইকোসিস্টেম গড়ে তোলার লক্ষ্যে 'উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প' বাস্তবায়ন করছে। ২০২১ সাল পর্যন্ত ২০০টি এবং পরবর্তিতে আরও ৮০০টি সহ সর্বমোট ১০০০টি উদ্ভাবনী পণ্যের উন্নয়ন, গতিশীল উদ্ভাবন, নতুন কর্মসংস্থান সৃষ্টি, কারিগরি দক্ষতার উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশের বাস্তবায়ন ঘটাতে এই প্রকল্প ব্যাপক ভূমিকা পালন করবে।

প্রকল্পের আওতায় উদ্যোক্তাদেরকে ট্রেনিং, মেন্টরিং, কো-ওয়ার্কিং স্পেস প্রদান, মেধা সম্পদ সংরক্ষণ সুবিধাসহ অনুদান প্রদান করা হচ্ছে। এ ছাড়া সিড ও গ্রন্থ স্টেইজে স্টার্টআপদেরকে ইকুইটি, কনভারটিবল ডেট (Debt) এর মাধ্যমে বিনিয়োগ করার লক্ষ্যে Startup Bangladesh Ltd. নামে একটি ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানি গঠন করা হয়েছে। উদ্যোক্তা উন্নয়নকে ত্বরান্বিত করা ও সাফল্য অর্জনের লক্ষ্যে সরকারের এই বিনিয়োগের মাধ্যমে মূলধন সহায়তা প্রদান করা হবে। ন্যায়সঙ্গত, স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক প্রক্রিয়া অনুসরণ করে এই অর্থায়ন উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।